দৈনিক জনকণ্ঠ

২৫।

তারিখ ... APR. 27 2000 ...
পৃষ্ঠা ১ কলাম ৪ ......

# এইচএসসি পরীক্ষা আজ শুরু হচ্ছে ॥ পরীক্ষার্থী পাঁচ লাখ ছয় হাজার নকল রোধে বিভিন্ন ব্যবস্থা

**স্টাফ রিপোর্টার** ॥ দেশের পাঁচটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে আজ বৃহস্পতিবার থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হচ্ছে। পাঁচ বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ৬ হাজার ৪৭৯। এর মধ্যে ঢাকা বোর্ডে ১ লাখ ৫২ হাজার ৬৬৭, রাজশাহী বোর্ডে ১ লাখ ৪৫ হাজার ৬৫৯, যশোর বোর্ডে ৯৩ হাজার ৩৬০, কুমিল্লা বোর্ডে ৮৪ হাজার ৭৮৮ এবং চট্টগ্রাম বোর্ডে ৩০ হাজার ৫। সারা দেশে কেন্দ্রের সংখ্যা ৯১৯। এর মধ্যে ঢাকা বোর্ডে ২শ' ৪৯, রাজশাহী বোর্ডে ২শ' ৬৮,

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## এইচএসসি পরীক্ষা

(প্রথম পাতার পর)

যশোর বোর্ডে ১ শ' ৬০, কুমিল্লা বোর্ডে ১শ' ৫৪ এবং চট্টগ্রাম বোর্ডে ৯৩টি। এছাড়া ঢাকা বোর্ডের অধীনে বিদেশের পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এগুলো হচ্ছে ত্রিপোলি (লিবিয়া), রিয়াদ ও জেদ্দা (সৌদি আরব), আবুধাবি (সংযুক্ত আরব আমিরাত) এবং দোহা (কাতার)। পরীক্ষায় নকল রোধের জন্য কর্তৃপক্ষ এ বছর নানান ব্যবস্থা গ্রহণ করেছে। পাঁচ বোর্ডের ৯১৯টি কেন্দ্রের মধ্যে প্রায় ৪০০ কেন্দ্রই স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করা হয়েছে। এসব কেন্দ্রে অতিরিক্ত পরিদর্শক টিম পাঠানো হবে। এ বছর প্রতিটি শিক্ষা বোর্ডেই পরিদর্শক টিমের সংখ্যা দ্বিগুণ করা হয়েছে। ঢাকা বোর্ডে প্রায় ১০০, যশোর বোর্ডে ১২০, রাজশাহী বোর্ড ৬৮, কুমিল্লা বোর্ডে ৫০ এবং চট্টগ্রাম বোর্ডে ৭৯টি টিম গঠন করা হয়েছে।

আজ ইংরেজী প্রথমপত্র (আবশ্যিক) পরীক্ষা, আগামী ২৭ মে পরীক্ষা শেষ হবে।

নতুন সিলেবাস অনুযায়ী এ বছর প্রথম পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষার্থীদের বার বার পরীক্ষা পিছানোর দাবি জানানো সত্ত্বেও নির্ধারিত তারিখেই পরীক্ষা শুরু হচ্ছে। নতুন সিলেবাসে পাঠ্যক্রম শুরুর পরই '৯৮-এর ভয়াবহ বন্যার কারণে শিক্ষার্থীরা হোঁচট খায়। এ জন্যই তারা বার বার পরীক্ষা পিছানোর দাবি জানিয়ে আসছিল। পরীক্ষায় নকল রোধের জন্য এ বছর প্রথম ঢাকা বোর্ড ও যশোর বোর্ডের জেলা শহরগুলোয় কলেজ পরিবর্তন করে পরীক্ষা নেয়া হচ্ছে। অর্থাৎ এক কলেজের পরীক্ষার্থীরা অন্য কলেজে পরীক্ষা দিচ্ছে। মফস্বলের কেন্দ্রগুলোয় ১৪৪ ধারা বলবত করার জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসনকে কঠোর নির্দেশ দেয়া হয়েছে। যশোর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এবিএম সাত্তার বলেছেন, সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়ার জন্য আমরা সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করেছি। আশা করি নকলপ্রবণতা অনেক কমে যাবে।

### শিক্ষক নেতৃবৃন্দের আহ্বান

এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য শিক্ষকদের একাধিক সংগঠন সকলের প্রতি আহ্বান জানিয়েছে।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) সভাপতি অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এক বিবৃতিতে পরীক্ষায় পবিত্রতা রক্ষার কথা বলেছেন। এ জন্য তাঁরা শিক্ষক-কর্মচারীদের সচেতন হতে আহ্বান জানিয়েছেন। সেই সঙ্গে দায়িত্ব পালনকারী সকলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকার ও প্রশাসনের প্রতি দাবি জানিয়েছেন। তাঁরা বলেছেন, শিক্ষক, অভিভাবক ও প্রশাসনের সমন্বিত প্রয়াস থাকলে নকল প্রতিরোধ সম্ভব।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি অধ্যক্ষ জাহানারা বেগম এবং মহাসচিব মোঃ কফিল উদ্দিন এক বিবৃতিতে এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন এবং নকল প্রতিরোধে সাহসী ও দৃঢ় ভূমিকা পালনের জন্য সারা দেশের শিক্ষকদের প্রতি আহ্বান জানান। খবর বিজ্ঞপ্তি'র।